

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:11-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Durga Puja-Astami :

আজ মহাষ্টমী। শারদীয়া দুর্গোৎসবের দ্বিতীয় দিন। পুরান মতে এই তিথিতেই ভগবান শ্রী রামচন্দ্র অশুভের প্রতীক রাবনের সঙ্গে যুদ্ধে লিপ্ত হন। আজ ভোর থেকেই মন্ডপে মন্ডপে পূজা শুরু হয়ে গেছে। ঢাক ঢোল কাঁসরের শব্দ ভেসে আসছে। আগরতলার ধলেশ্বরের রামকৃষ্ণ মিশনে, সকাল ৯টায় কুমারী পূজা অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে। বহু পূজো মন্ডপে আজ প্রসাদ বিতরণেরও আয়োজন করা হয়েছে।

এদিকে, গতকাল মহাসপ্তমীর সন্ধ্যা থেকে আগরতলার মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের ঢল নামে। রাতে তা আরও বাড়ে। গোটা রাজ্য এখন উৎসব মুখর।

CM-Unakoti :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল উনকোটি জেলার ছনতৈলে মনু নদীর উপর নবনির্মিত ড. শ্যামাপ্রসাদ মুখার্জি সেতুর উদ্বোধন করেন। ১৬৭ মিটার দীর্ঘ এই সেতুটি নির্মাণে ব্যয় হয়েছে ১৫ কোটি ৪৬ লক্ষ ১৯ হাজার ৪২৪ টাকা। মুখ্যমন্ত্রী গতকাল কৈলাসহরের দুর্গাপুরে ২০০ শয্যা বিশিষ্ট যুব আবাসেরও শিলান্যাস করেন। যুব আবাসটি নির্মাণে ব্যয় হবে ১২ কোটি ৩৫ লক্ষ টাকা।

এদিকে, মুখ্যমন্ত্রী গতকাল কৈলাশহরের শ্রীরামপুর সংহতি সার্বজনীন দুর্গাপূজা মন্ডপের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যকে "এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা" এবং প্লাষ্টিকমুক্ত ও নেশামুক্ত রাজ্য হিসাবে গড়ার লক্ষ্যে সরকার কাজ করছে। অনুষ্ঠানে শ্রমমন্ত্রী টিংকু রায়ও বক্তব্য রাখেন।

PM :

ভারতের 'ACT-EAST' নীতি, 'এসোসিয়েশন অফ সাউথ-ইস্ট এশিয়ান ন্যাশনস' বা আসিয়ান দেশগুলোর সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে নতুন গতি শক্তি, উচ্চতা ও দিক নির্ণয় করেছে। লাওস-এর রাজধানী ভিয়েনতিয়েন-এ, ২১তম ভারত-আসিয়ান শীর্ষ সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল একথা বলেন। তিনি আরো বলেন, ভারত ও আসিয়ান দেশগুলি একে অপরের আঞ্চলিক সার্বভৌমত্ব ও অখন্ডতাকে সম্মান করে। শ্রী মোদী, নিজেদের মধ্যে মৈত্রী, সহযোগিতা আলোচনা ও অংশীদারিত্ব বজায় রাখার উপর গুরুত্বারোপ করেন। উল্লেখ্য, দু'দিনের সফরে প্রধানমন্ত্রী গতকাল ভিয়েনতিয়েনে পৌঁছান।

Share of Tax :

কেন্দ্রীয় সরকার গতকাল কেন্দ্রীয় করের অংশ হিসাবে রাজ্যগুলির জন্য মোট ১ লক্ষ ৭৮ হাজার ১৭৩ কোটি টাকা প্রদান করেছে। এর মধ্যে ত্রিপুরা পেয়েছে ১ হাজার ২৬১ কোটি টাকা। কেন্দ্রীয় করের এই অংশ পাওয়ায়, রাজ্যগুলির মূলধনী ব্যয় এবং উন্নয়নমূলক কাজে অর্থ ব্যয় ত্বরান্বিত হবে।

Detain of Bangladeshi :

বেআইনি অনুপ্রবেশের অভিযোগে গতকাল সন্ধ্যায় আগরতলা রেল স্টেশন থেকে দুই বাংলাদেশী তরুণীকে আটক করেছে পুলিশ। আগরতলা জি আর পি থানার ওসি তাপস দাস জানান, ট্রেনে বাইরের রাজ্যে যাওয়ার জন্য তারা রেল স্টেশনে এসেছিল। এই ঘটনায় জি আর পি থানা একটি মামলা নিয়েছে।

Puja-No Entry :

দুর্গাপূজো উপলক্ষ্যে গতকাল থেকে ১৩ই অক্টোবর পর্যন্ত আগরতলা শহরের বিভিন্ন স্থানে নো-এন্ট্রি শুরু হয়েছে। প্রতিদিন সন্ধ্যা ৫টা থেকে রাত ১টা পর্যন্ত নো-এন্ট্রি বলবৎ থাকবে। নো-এন্ট্রি চলাকালে বাস এবং যাত্রীবাহী গাড়িগুলি গোর্খাবস্তির পন্ডিত নেহেরু অফিস কমপ্লেক্স, রামনগর দুর্গাচৌমুহনী ব্রিজের উত্তরাংশ, আখাউড়া রোডে ত্রিনয়নী ক্লাব সংলগ্ন ক্রসিং, নাগেরজলা বাস টার্মিনাল ও এডিনগর ড্রপগেট এলাকায় পার্ক করা যাবে।

Ratan Tata :

মহারাষ্ট্রের ওরলিতে বিশিষ্ট শিল্পপতি রতন টাটার শেষকৃত্য গতকাল সপূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়। উল্লেখ্য, গত বুধবার মুম্বইয়ের এক হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

Ranji Trophy :

ত্রিপুরা ও উড়িশার মধ্যে রঞ্জি ট্রফি ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হচ্ছে। এম বি বি স্টেডিয়ামে এই ম্যাচটি হবে। এম্যাচে অংশ নিতে উড়িশা দল দুদিন আগেই রাজ্যে এসেছে। দুটি দলই গতকাল এম্যাচের জন্য প্রস্তুতিও সেবে নেয়।

Aaradhya IV :

হায়দ্রাবাদে অনুষ্ঠিত অনূর্ধ্ব ১১ বছরের জাতীয় দাবার আসরে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্যা দাস চতুর্থ স্থান দখল করেছে। মোট ১১ রাউন্ডের খেলায় আরাধ্যা ৯ পয়েন্ট নিয়ে চতুর্থ হয়ে ট্রফি সহ চার হাজার টাকা প্রাইজমানি পেয়েছে।

Weather :

আগরতলা ও তার পাশ্ববর্তী অঞ্চলে আজ দুপুর পর্যন্ত আকাশ সাধারণত মেঘলা থাকবে। দু এক পশলা বৃষ্টি বা বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রীর আশেপাশে থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রী সেলসিয়াস।
